# AKASHVANI (AIR)
## RNU : KOLKATA
## Bengali Text Bulletin

**Date: 11.06.2024** **Time: 7.35 A.M.**

---

## বিশেষ বিশেষ খবর –

১) কেন্দ্রীয় মন্ত্রিসভার প্রথম বৈঠকের পরই নবগঠিত সরকারে শপথ নেওয়া মন্ত্রীদের মধ্যে দপ্তর বন্টন করা হয়েছে।

শান্তনু ঠাকুর আগের পদেই বহাল রয়েছেন। নতুন মন্ত্রী হিসাবে সুকান্ত মজুমদার শিক্ষা ও উত্তর-পূর্বাঞ্চলীয় উন্নয়ন দপ্তরের প্রতিমন্ত্রীর দায়িত্ব পেয়েছেন।

২) কেন্দ্রীয় সরকার রাজ্যগুলিকে করের অতিরিক্ত কিস্তির অর্থ দিয়েছে। বাংলার খাতে এসেছে ১০ হাজার কোটি টাকার বেশি।

৩) বিভিন্ন দফতরের উন্নয়নমূলক কাজের পর্যালোচনায় আজ বৈঠকে বসছেন মুখ্যমন্ত্রী।

৪) পূর্ব বর্ধমানে গতসন্ধ্যায় বজ্রপাতের তিনটি পৃথক ঘটনায় এক মহিলা সহ চার জনের মৃত্যু হয়েছে।

৫) দক্ষিণবঙ্গের একাধিক জেলায় ১৩-ই জুন পর্যন্ত তাপপ্রবাহের সতর্কতা জারি করা হয়েছে। ১৪ তারিখ থেকে তিন দিন বৃষ্টি হবে সব জেলায়।

৬) সিএবি পরিচালিত বেঙ্গল প্রো টি টোয়েন্টি লিগ আজ শুরু হচ্ছে।

---

কেন্দ্রীয় মন্ত্রিসভার প্রথম বৈঠকের পরই নবগঠিত সরকারে শপথ নেওয়া মন্ত্রীদের মধ্যে দপ্তর বন্টন করা হয়েছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর নেতৃত্বে তৃতীয় এনডিএ

সরকারের প্রথম ক্যাবিনেট বৈঠক বসে গতকাল। সেখানেই এই দপ্তর বন্টন করা হয়। প্রধানমন্ত্রী নিজে কর্মীবর্গ এবং পেনশন, পারমাণবিক শক্তি, মহাকাশ গবেষণা বিষয়ক সংক্রান্ত দপ্তরের দায়িত্ব সামলাবেন। প্রতিরক্ষা, স্বরাষ্ট্র, বিদেশ ও অর্থমন্ত্রকের মত প্রধান দপ্তরগুলির দায়িত্ব অপরিবর্তিত রয়েছে। রাজনাথ সিং-প্রতিরক্ষা, অমিত শাহ-স্বরাষ্ট্র, এস জয়শঙ্কর-বিদেশ এবং নির্মলা সীতারামন আগের মতোই অর্থমন্ত্রক সামলাবেন। সড়ক পরিবহন ও মহাসড়ক দপ্তরের দায়িত্বে নীতিন গড়করিকেই রাখা হয়েছে। স্বাস্থ্য ও পরিবারকল্যাণ এবং সার ও রাসায়নিক দপ্তরের মন্ত্রী হয়েছেন জে পি নাড্ডা। শিবরাজ সিং চৌহান হয়েছেন কৃষি ও কৃষক কল্যাণ এবং গ্রামোন্নয়ন মন্ত্রী। পীযূশ গোয়েল আগের মতোই শিল্প ও বানিজ্য এবং ধর্মেন্দ্র প্রধান, শিক্ষা মন্ত্রকের দায়িত্বে থাকছেন। রেল, তথ্য ও সম্প্রচার এবং ইলেক্ট্রনিক্স ও তথ্য -প্রযুক্তি মন্ত্রী হয়েছেন অশ্বিনী বৈষ্ণব।

অন্নপূর্ণা দেবীকে দেওয়া হয়েছে নারী ও শিশু বিকাশ মন্ত্রকের দায়িত্ব।

এরাজ্য থেকে বনগাঁর সাংসদ শান্তনু ঠাকুর বন্দর, জাহাজ চলাচল ও জলপথ মন্ত্রকের প্রতিমন্ত্রীই থাকছেন। ঐ মন্ত্রকের পূর্ণমন্ত্রী হয়েছেন সর্বানন্দ সোনোয়াল। শিক্ষা প্রতিমন্ত্রী হিসাবে বালুরঘাটের সাংসদ সুকান্ত মজুমদারকে দায়িত্ব দেওয়া হয়েছে। একইসঙ্গে উত্তর-পূর্বাঞ্চলীয় উন্নয়ন দপ্তরের প্রতিমন্ত্রীর দায়িত্বও সামলাবেন তিনি।

প্রধানমন্ত্রী গতকাল কেন্দ্রীয় সরকারি কর্মীদের উদ্দেশে বলেন, এনডিএ-র ওপর গোটা দেশের মানুষের আস্থা রয়েছে। এখন তাঁদের একটাই লক্ষ্য, প্রথমে দেশ। একটাই উদ্দেশ্য, ২০৪৭-এর মধ্যে বিকশিত ভারত।

-----------------------

কেন্দ্রে টানা তৃতীয়বার নরেন্দ্র মোদীর নেতৃত্বে সরকার গঠন হওয়ার পর রাজ্যগুলিকে করের অতিরিক্ত কিস্তির অর্থ দেওয়া হয়েছে। গতকাল জুন মাসের করের টাকা বা ডেভলিউশন খাতে অনুমোদন দেওয়া হয়। পশ্চিমবঙ্গ পেয়েছে ১০ হাজার ৫১৩ কোটি টাকার কিছু বেশি। সারা দেশে এর পরিমাণ এক লক্ষ ৩৯ হাজার ৭৫০ কোটি টাকা। সবচেয়ে বেশি পেয়েছে উত্তরপ্রদেশ। বাংলা রয়েছে চতুর্থ স্থানে।

------------------------

জঙ্গলমহল এলাকায় নিরাপত্তা সংক্রান্ত কেন্দ্রীয় বরাদ্দের খরচ খতিয়ে দেখতে স্বরাষ্ট্র মন্ত্রক অভ্যন্তরীন সমীক্ষক দল পাঠাচ্ছে। এই খাতে কেন্দ্রের পাঠানো টাকার খরচের হিসেব খতিয়ে দেখে তারা মন্ত্রকের কাছে রিপোর্ট জমা দেবে। রাজ্যকে পাঠানো চিঠিতে বলা হয়েছে, স্বরাষ্ট্র মন্ত্রকের দলটি ২৩ জুন কলকাতায় আসছে। ২৮ তারিখ পর্যন্ত তাঁরা জঙ্গলমহলের বিভিন্ন এলাকা পরিদর্শন করবেন। ২০২৩ এর অক্টোবর থেকে ২০২৪ এর মার্চ পর্যন্ত কেন্দ্রের তরফে পাঠানো অর্থের খরচ পরীক্ষা করে দেখবেন তাঁরা।

------------------------

অষ্টাদশ লোকসভায় নির্বাচিত তিন তৃণমূল কংগ্রেস বিধায়ক, বিধানসভা সদস্য পদে ইস্তফা দিয়েছেন। মেদিনীপুর কেন্দ্রে নির্বাচিত জুন মালিয়া, কোচবিহার আসনে নির্বাচিত সীতাইয়ের বিধায়ক জগদীশ চন্দ্র বর্মা বসুনিয়া এবং ব্যারাকপুর থেকে নির্বাচিত নৈহাটির বিধায়ক পার্থ ভৌমিক গতকাল বিধানসভার অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায়ের হাতে পদত্যাগপত্র তুলে দেন। আলিপুরদুয়ার কেন্দ্রে নির্বাচিত হয়েছেন মাদারিহাটের বিজেপি বিধায়ক মনোজ টিগ্গা এবং বসিরহাটে জিতেছেন হাড়োয়ার তৃণমূল কংগ্রেস বিধায়ক হাজি নরুল ইসলাম । তাদেরও ইস্তফা দিতে হবে। তালডাঙরার বিধায়ক পদে

শুক্রবারই ইস্তফা দিয়েছেন, বাঁকুড়া লোকসভা কেন্দ্রে নির্বাচিত তৃণমূল কংগ্রেস প্রার্থী অরূপ চক্রবর্তী।

-----------------------

আদর্শ আচরনবিধি উঠে যাওয়ার পর বিভিন্ন দপ্তরের উন্নয়নমূলক কাজের পর্যালোচনায় রাজ্য সরকার বৈঠকে বসতে চলেছে। মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জির পৌরহিত্যে আজ বিকালে সচিবালয় নবান্ন সংলগ্ন সভাঘরে এই বৈঠকে উপস্থিত থাকার জন্যে সব দপ্তরের মন্ত্রী, সচিব, জেলাশাসক, জেলা পুলিশ সুপারদের নির্দেশ দেওয়া হয়েছে। বৈঠকে রাজ্য সরকারের বিভিন্ন সামাজিক সহায়তামূলক প্রকল্পের বর্তমান অবস্থা পর্যালোচনার পাশাপাশি আটকে থাকা প্রকল্পগুলির কাজ দ্রুত শুরু করার নির্দেশ দেওয়া হবে বলে সূত্রের খবর।

-----------------------

কলকাতা হাইকোর্ট, বিজেপি বিধায়ক ও ঘাটালের প্রার্থী হিরণ চট্টোপাধ্যায়ের গ্রেফতারির ওপর রক্ষাকবচ দিয়েছে। বিচারপতি অমৃতা সিনহা গতকাল জানান, তাঁর বিরুদ্ধে হওয়া এফআইআরের ভিত্তিতে পুলিশ হিরণকে গ্রেপ্তার করতে পারবেনা। তবে তদন্ত চালিয়ে যেতে পারবে।

উল্লেখ্য, লোকসভা ভোট চলাকালীন ঘাটালের তৃণমূল কংগ্রেসের প্রার্থী অভিনেতা দেবের বিরুদ্ধে বিজেপি ভুয়ো অডিও ছড়িয়ে দেয় বলে অভিযোগ করে শাসকদল। এ নিয়ে ঘাটালের তৃণমূলের ব্লক সভাপতি দিলীপ মাজির অভিযোগের ভিত্তিতে হিরণ-সহ ৩ জনের বিরুদ্ধে থানায় এফআইআর দায়ের হয়। তাকে চ্যালেঞ্জ করে হিরণ হাইকোর্টে মামলা করেন। তখন ওই তদন্তে স্থগিতাদেশ দিয়েছিলেন বিচারপতি সিনহা। গতকাল হিরণকে রক্ষাকবচ দিয়ে তদন্তের স্থগিতাদেশ তুলে নেন তিনি।

------------------------

পূর্ব বর্ধমানের মঙ্গলকোটে গতসন্ধ্যায় বজ্রপাতের তিনটি পৃথক ঘটনায় এক মহিলা সহ চার জনের মৃত্যু হয়েছে। কানাইডাঙ্গা গ্রামের কাছে গরু চড়াতে গিয়ে বজ্রাহত হন বিজয় ঘোষ এবং অজিত ঘোষ নামে দুই প্রৌঢ়। তাদের উদ্ধার করে স্থানীয় স্বাস্থ্য কেন্দ্রে নিয়ে যাওয়া হলে চিকিৎসক মৃত ঘোষণা করেন।

একই সময়ে মঙ্গলকোটের ঠ্যাঙ্গাপাড়া গ্রামের কাছে বজ্রপাতে মৃত্যু হয়েছে জিল্লাল মোল্লা নামে এক বৃদ্ধের। তিনিও গরু চড়াতে গিয়েছিলেন।

মঙ্গলকোটের সাকোনা গ্রামে, নানুরের বাসিন্দা রুবিনা বিবি বাজ পড়ে প্রাণ হারান। তিনি আত্মীয়ের বাড়িতে এসেছিলেন। মাঠে যাওয়ার সময় বাজ পড়লে এই বিপত্তি ঘটে।

মঙ্গলকোটে তিনটি গরুও মারা গিয়েছে বলে খবর।

উল্লেখ্য গতকাল বিকেলে তীব্র গরমের পর আকাশে মেঘের সঞ্চার হলে শুরু হয় মুহুর্মুহু বজ্রপাত। তবে বৃষ্টির দেখা মেলেনি।

কাটোয়ায় বাজ পড়ে একটি নারকেল গাছে আগুন ধরে যায় বলে আমাদের জেলা সংবাদদাতা তনুশ্রী বন্দ্যোপাধ্যায় জানিয়েছেন।

------------------------

দক্ষিণ-পশ্চিম মৌসুমি বায়ু উত্তরবঙ্গে সক্রিয় থাকলেও দক্ষিণবঙ্গে তাপপ্রবাহ এবং ঘর্মাক্ত গরমে মানুষ নাজেহাল। আবহাওয়া দপ্তর ১৩ই জুন পর্যন্ত দক্ষিণবঙ্গের বিভিন্ন

জেলায় তাপপ্রবাহ বা তীব্র তাপপ্রবাহের সতর্কতা জারি করেছে। উত্তর-পশ্চিম বিহার থেকে নাগাল্যান্ড পর্যন্ত বিস্তৃত অক্ষরেখা এবং পূর্ব বিহারে সৃষ্ট ঘূর্নাবর্তের প্রভাবে বঙ্গোপসাগর থেকে প্রচুর জলীয় বাষ্প বায়ুমন্ডলে প্রবেশ করছে। একই সঙ্গে বইছে পশ্চিমী বাতাস। ফলে তীব্র গরমের সঙ্গে ঘামের অস্বস্তি বেড়েছে। কোথাও কোথাও বজ্রগর্ভ মেঘ থেকে বৃষ্টি হলেও দীর্ঘস্থায়ী স্বস্তি মিলছে না। তবে ১৪ তারিখ থেকে টানা তিনদিন দক্ষিণবঙ্গের সব জেলায় হালকা থেকে মাঝারি বৃষ্টির সম্ভাবনা রয়েছে বলে আবহাওয়া দফতরের আঞ্চলিক প্রধান সোমনাথ দত্ত জানিয়েছেন।

(বাইট – সোমনাথ)

অন্যদিকে, ভারি থেকে অতি ভারি বৃষ্টির পূর্বাভাস রয়েছে উত্তরবঙ্গের একাধিক জেলায়।

এদিকে গতকাল কলকাতায় সর্বোচ্চ এবং আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা দুটোই ছিল স্বাভাবিকের ৩ ডিগ্রী ওপরে। মেদিনীপুর, বাঁকুড়া এবং মগরায় সর্বোচ্চ তাপমাত্রা স্বাভাবিকের ৬ ডিগ্রি ওপরে উঠে যায়। কলাইকুন্ডায় দিনের সর্বোচ্চ তাপমাত্রা স্বাভাবিকের সাড়ে ৯ ডিগ্রি বেড়ে দাঁড়ায় ৪৪ দশমিক ৬ ডিগ্রি সেলসিয়াসে। পুরুলিয়াতেও তাপমাত্রা ছিল স্বাভাবিকের ৭ ডিগ্রি বেশি।

------------------------

বর্ষার মরসুম শুরু শুরু হওয়ার আগেই রাজ্যে ডেঙ্গু জ্বরের প্রকোপ উদ্বেগজনক ভাবে বাড়ছে। চলতি বছরের পয়লা জানুয়ারি থেকে গত মাসের ৩০ তারিখ পর্যন্ত রাজ্যে ডেঙ্গুতে আক্রান্ত হয়েছেন ১ হাজার ৬৬ জন। রাজ্যের প্রথম ১০টি জেলার মধ্যে ৯টিই দক্ষিণবঙ্গের। এর মধ্যে কলকাতা, দুই ২৪ পরগনা, নদীয়া ও হুগলি- এই পাঁচ জেলাও রয়েছে। টানা কয়েক সপ্তাহ ধরে আক্রান্তের সংখ্যার নিরিখে মালদহ শীর্ষস্থানে রয়েছে।

সেখানে এখনও পর্যন্ত মশাবাহিত এই রোগে আক্রান্তের সংখ্যা ১৪৩। দ্বিতীয় ও তৃতীয় স্থানে রয়েছে যথাক্রমে উত্তর ২৪ পরগনা এবং মুর্শিদাবাদ।

------------------------

ডাক্তারিতে স্নাতকস্তরে ভর্তির প্রবেশিকা পরীক্ষা নিট ইউজিতে দেড় হাজারেরও বেশি পরীক্ষার্থীকে গ্রেস মার্কস বা অতিরিক্ত নম্বর দেওয়ার বিষয়টি পুনর্বিবেচনার জন্য, সারা দেশের পরীক্ষার্থীদের র‍্যাঙ্কিং-এ কোনো প্রভাব পড়বে না বলে এনটিএ আশ্বস্ত করেছে। ন্যাশনাল টেস্টিং এজেন্সির মহা নির্দেশক সুবোধ কুমার সিং আকাশবাণীকে দেওয়া একান্ত সাক্ষাৎকারে জানিয়েছেন, এর জন্য ভর্তি প্রক্রিয়াও বাধাপ্রাপ্ত হবে না। বিষয়টি খতিয়ে দেখার জন্য গঠিত চার সদস্যের কমিটি এক সপ্তাহের মধ্যে তাদের রিপোর্ট জমা দেবে। তার ভিত্তিতেই চূড়ান্ত সিদ্ধান্ত নেওয়া হবে বলেও জানান তিনি।

------------------------

আকস্মিক বিপর্যয়ে বিদ্যুতের যোগান নিরবিচ্ছিন্ন রেখে যাত্রী সুরক্ষা দিতে মেট্রো রেল, পরিবেশ বান্ধব বিশেষ লিথিয়াম আয়রন ফসফেট ব্যাটারি ব্যবহার করে ট্রেন চালানোর বিষয়ে উদ্যোগী হয়েছে। কবি সুভাষ - দক্ষিণেশ্বর করিডরের সেন্ট্রাল স্টেশনে প্রথম এই ব্যাটারি এনার্জি স্টোরেজ সিস্টেম তৈরি করা হবে বলে মেট্রোর তরফে জানানো হয়েছে। এজন্য সম্প্রতি তাইওয়ানের একটি সংস্থাকে কাজের বরাত দেওয়া হয়েছে। ছয় দশমিক চার মেগাওয়াট ক্ষমতাসম্পন্ন বিকল্প এই বিদ্যুত সরবরাহ কেন্দ্র থেকে মেন গ্রিডের হঠাত বিপর্যয়ে বিদ্যুত সরবরাহ করে টানেলের মাঝপথে আটকে থাকা ট্রেনকে কাছাকাছির স্টেশনে নিয়ে যাওয়া হবে। আগামীদিনে উত্তর দক্ষিণ করিডরে এই ধরনের চারটি এনার্জি স্টেশন তৈরি করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

------------------------

সিএবি পরিচালিত বেঙ্গল প্রো টি টোয়েন্টি লিগ আজ শুরু হচ্ছে। পুরুষ ও মহিলা উভয় বিভাগেই ৮ টি করে দল অংশ নেবে। ইডেন গার্ডেন্সে পুরুষদের উদ্বোধনী ম্যাচে আজ শিলিগুড়ি স্মাশার্স খেলবে হারবার ডায়মন্ডসের বিরুদ্ধে।

আগামীকাল মহিলাদের লিগ শুরু হবে। পুরুষদের সবকটি ম্যাচই ইডেনে এবং মহিলাদের খেলাগুলি হবে সল্টলেকের যাদবপুর বিশ্ববিদ্যালয়ের মাঠে। গ্রুপ লিগ, সেমি ফাইনাল ও ফাইনাল মিলিয়ে মোট ৬২ টি ম্যাচ হবে। ফাইনাল ২৮ শে জুন।

------------------------ ------------------------